



Institutional Quality Assurance Cell (IQAC)

Room: 308, 401, Centre for Advanced Research in Arts and Social Sciences (CARASS) Building  
University of Dhaka, Dhaka-1000, Bangladesh, Phone: +88 9666911463/4647-48, 4650, E-mail: iqac@du.ac.bd

স্মারক নং: আইকিউএসি/২০২৬/০৬-৬৪৮

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৪ জুন ২০২৬

- সম্মানিত ডিন, বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা -১০০০
- সম্মানিত ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা -১০০০

বিষয়: ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবীন শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে “Importance of Research, Publication, Collaboration, Higher Studies and Emerging Skills in elevating Career” শীর্ষক কর্মশালা আয়োজন প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি), বিজ্ঞান অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর যৌথ উদ্যোগে সংশ্লিষ্ট অনুষদসমূহের সকল বিভাগের নবীন শিক্ষকবৃন্দ (প্রভাষক/ সহকারী অধ্যাপক) ও শিক্ষার্থীদের (এমফিল/পিএইচডি/মাস্টার্স থিসিস) নিয়ে “Importance of Research, Publication, Collaboration, Higher Studies and Emerging Skills in elevating Career” শীর্ষক কর্মশালা আগামী ২৩ জুন ২০২৬ তারিখে সকাল ১০ টায় প্রফেসর এম. এ লতিফ মিলনায়তন, ভূ-তত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এ আয়োজন করা হবে। কর্মশালাটির মূল উদ্দেশ্য হলো সারা বিশ্বের আধুনিক শিক্ষা ব্যবস্থার সাথে তাল মিলিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে গবেষণা, প্রকাশনা, পারস্পরিক সহযোগিতা, উচ্চশিক্ষা এবং উদীয়মান দক্ষতার গুরুত্ব তুলে ধরে অংশগ্রহণকারীদের পেশাগত ও একাডেমিক ক্যারিয়ার উন্নয়নে প্রয়োজনীয় জ্ঞান ও দিকনির্দেশনা প্রদান। এই কর্মশালায় সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বিশ্বজুড়ে সমাদৃত বিজ্ঞানী অধ্যাপক ড. সাইদুর রহমান (Research Professor and Head, RCNMET, Sunway University, Malaysia)।

এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব অনুধাবন করে আপনার অনুষদের অন্তর্গত বিভাগসমূহের চেয়ারম্যানবৃন্দকে অবহিত করা ও একইসাথে সকল বিভাগের আগ্রহী নবীন শিক্ষকবৃন্দ (প্রভাষক/ সহকারী অধ্যাপক) ও শিক্ষার্থীদের (এমফিল/পিএইচডি/মাস্টার্স থিসিস) উক্ত কর্মশালায় উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করছি। আইকিউএসি অফিসের পক্ষ থেকে কর্মশালায় উপস্থিত সকল সদস্যদের জন্য নাস্তার ব্যবস্থা থাকবে।

উল্লেখ্য, এই কর্মশালায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দকে আগামী ১৮ জুন ২০২৬ তারিখের মধ্যে তথ্য Google Form- (Google Link- <https://forms.gle/nDAAaGtPXdMKt1ZG6>) এ পূরণ করে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত

অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম  
পরিচালক  
ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল  
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রোগ্রাম, সকল বিষয়, বিজ্ঞান অনুষদ  
সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের  
শেখ অনুজীব বকরা হলো -  
Circulate  
ডিন, বিজ্ঞান অনুষদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১০০০

04 JUL 2026